



ফিলিস্তিনিদের ওপর হামলা নিয়ে ইসরায়েলকে সতর্ক করল যুক্তরাষ্ট্র



যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। ছবি: সংগৃহীত

অধিকৃত পশ্চিম তীরে ফিলিস্তিনিদের ওপর ইসরায়েলি বসতি স্থাপনকারীদের হামলা বন্ধে আরও পদক্ষেপ নিতে ইসরায়েল সরকারের প্রতি আহ্বান জানিয়েছে যুক্তরাষ্ট্র। এ ধরনের সহিংসতা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও।

শনিবার (১৭ অক্টোবর) সাংবাদিকদের সঙ্গে আলাপকালে রুবিও বলেন, সাম্প্রতিক হামলার ঘটনা নিয়ে যুক্তরাষ্ট্র উদ্বেগ। সহিংসতা কঠোরভাবে দমনে ইসরায়েলকে বারবার আহ্বান জানানো হচ্ছে। এ খবর জানিয়েছে রয়টার্স।

আমেরিকান ফটোসাংবাদিক হেইডি লেভিনের ওপর একাধিক ব্যক্তির হামলার ভিডিও ছড়িয়ে পড়ার পর রুবিও এ মন্তব্য করেন। শুক্রবারের ওই ঘটনায় আহত অন্তত দুজনের একজন লেভিন। ইসরায়েলি বসতি স্থাপনকারীদের ফিলিস্তিনি বেসামরিক নাগরিকদের ওপর হামলার সময় এ ঘটনা ঘটে।

বেলজিয়ামের পররাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, অধিকৃত পশ্চিম তীরে ইউরোপীয় কূটনীতিকদের পাশাপাশি ফ্রান্সের একজন মেয়রও হামলার শিকার হয়েছেন।

রুবিও বলেন, লেভিনের ওপর হামলাসহ পুরো ঘটনা সম্পর্কে তথ্য সংগ্রহ করছে মার্কিন পররাষ্ট্র দপ্তর। উজবেকিস্তানের উদ্দেশে যাত্রার আগে তিনি আশা প্রকাশ করেন, রোববারের মধ্যে জেরুজালেমে মার্কিন দূতাবাস থেকে এ বিষয়ে তথ্য পাওয়া যাবে।

ইসরায়েলি বসতি পর্যবেক্ষণকারী সংস্থা 'ইয়েশ দিন'-এর তথ্য অনুযায়ী, বার্ষিক জলপাই সংগ্রহের মৌসুম শুরু পর ২৭ সেপ্টেম্বর থেকে অধিকৃত পশ্চিম তীরে ফিলিস্তিনিদের ওপর অন্তত ১৭০টি হামলা চালিয়েছেন ইসরায়েলি বসতি স্থাপনকারীরা।